

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫৪৫(আগরতলা ১৪।০৩)

খোয়াই, ১৪ মার্চ, ২০১৯

লোকসভা নির্বাচন : খোয়াইয়ে
সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত

আসন্ন লোকসভা নির্বাচনকে সামনে রেখে খোয়াই জেলা প্রশাসন কার্যালয়ের কনফারেন্স হলে ১২ মার্চ বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে সর্বদলীয় সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত সভায় জেলাশাসক পঙ্কজ চক্রবর্তী বক্তব্য রাখতে গিয়ে আসন্ন লোকসভা নির্বাচন অবাধ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে সকলের সহযোগিতা চেয়েছেন। রাজনৈতিক দলের প্রতিনিধিগণ নির্বাচন প্রক্রিয়া সুষ্ঠু, অবাধ ও শান্তিপূর্ণ করার লক্ষ্যে সম্পূর্ণ সহযোগিতা করার আশ্বাস দিয়েছেন। সভায় খোয়াই জেলার এস পি কৃষ্ণেন্দু চক্রবর্তীও বক্তব্য রাখেন। সভায় বিজেপি, আই এন সি, সি পি আই (এম), আই এন পি টি দলের প্রতিনিধিগণ এবং এস ডি এম সোনাক্ষী সিং তোমর, এ ডি এম রাজীব দত্ত প্রমুখ উপস্থিত ছিলেন।
